84

দৈনিক ইত্তেফাক

তারিখ ... FEB. 1 8. 1999 ... ...
পৃষ্ঠা ...7 2... কলাম ... 8.....

# বিজ্ঞানভিত্তিক শিক্ষানীতি প্রণয়নের দাবী

চট্টগ্রাম অফিস ॥ সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে আয়োজিত এক সমাবেশে বক্তারা বর্তমান সরকার কর্তৃক প্রস্তাবিত শিক্ষানীতি বাতিল ও ছাত্রফ্রন্টের দশ দফার আলোকে শিক্ষানীতি প্রণয়নের দাবী জানাইয়াছেন। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সম্প্রতি অনুষ্ঠিত উক্ত সমাবেশে নেতৃবৃন্দ বলেন, দশ দফায় যে সার্বজনীন গণতান্ত্রিক বিজ্ঞানভিত্তিক বৈষম্যহীন এক ধারার এবং বেসরকারী বিশ্ববিদ্যালয় বন্ধসহ ছাত্র বেতন বাতিলের কথা বলা হইয়াছে, প্রস্তাবিত শিক্ষানীতিতে সেসব অস্বীকার করিয়া শিক্ষাকে সাধারণ গরীব মানুষের নাগালের বাহিরে নিয়া যাওয়া হইতেছে। নেতৃবৃন্দ শিক্ষার অধিকার আদায় ও প্রাতিষ্ঠানিক সমস্যা সমাধানের লক্ষ্যে ছাত্র-ছাত্রীদের সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান। ছাত্রনেতা খোকন দাশের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় শাহিদুর রহমান সেন্টু, নরুস সাফা, জলহাস প্রমুখ বক্তৃতা করেন। সভায় আগামী ৪ঠা মার্চ সম্মেলন অনুষ্ঠানের তারিখ নির্ধারণ করা হয়।